ঐ

তারিখ : 2 AUG 2017
পৃষ্ঠা ১৬ কলাম ১

সংবাদ

# ডিজিটাল গণশুনানির আওতায় ৩৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠান

■ আজ উদ্বোধন

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের ৩৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে অনলাইন গণশুনানির আওতায় আনা হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর (ডিআইএ) এ উদ্যোগ বাস্তবায়ন করছে। এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক, আর্থিক ও প্রশাসনিক স্বচ্ছতা এবং জবাবদিহি বাড়বে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ দেশের ১১টি জেলায় ১১০টি শিক্ষা প্রতিষ্ঠানের ডিভিও কনফারেন্সের মাধ্যমে শুনানির উদ্বোধন করবেন। এছাড়াও মন্ত্রী ডিআইএ ই-ফাইলিং কার্যক্রমের উদ্বোধন করবেন। জানা গেছে, আজ ১১টি জায়গায় গণশুনানি কার্যক্রমের উদ্বোধন হচ্ছে। এগুলো হলো- কক্সবাজারের চকোরিয়া, নোয়াখালীর চাটখিল, বরিশাল সদর, টাঙ্গাইল সদর, যশোর সদর, খুলনা সদর, ঢাকায় দোহার উপজেলা, সিলেট সদর, গোপালগঞ্জ কোটালিপাড়া, নীলফামারী সৈয়দপুর ও চাঁপাইনবাবগঞ্জ সদর। পর্যায়ক্রমে ডিজিটাল : পৃষ্ঠা : ২ ক : ১

## ডিজিটাল : গণশুনানীর

(১৬ পৃষ্ঠার পর)

সারাদেশে চলবে এই গুণশুনানি। এ ব্যাপারে ডিআইএ'র যুগ্ম পরিচালক বিপুল চন্দ্র সরকার সংবাদকে বলেন, 'দেশের ১১টি উপজেলায় ডিআইএ'র শিক্ষা পরিদর্শকরা ১১০টি প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। তারা এখন সেখানেই অবস্থান করছেন। তাদের সঙ্গে একটি ডিভাইস দেয়া আছে। যে কাউকে বলা হবে ডিভাইস খোলার জন্য। তারপর আমরা শিক্ষক, ছাত্র, অভিভাবকসহ সংশ্লিষ্টদের কথা শুনবো ও মতামত চাওয়া হবে। প্রতিষ্ঠান কেন্দ্রীয় কোন অভিযোগ বা সমস্যা থাকলেও তা শোনা হবে। পরবর্তীতে এগুলো অডিট রিপোর্টে আসবে। অর্থাৎ ওই প্রতিষ্ঠানের পুরো কার্যক্রম এখন অনলাইন মনিটরিংয়ের আওতায় আসবে।'

সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, গণশুনানির অন্যতম উদ্দেশ্য হলো- পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে ও সংশ্লিষ্ট সব পক্ষের মতামত দেয়ার সুযোগ দেয়া। এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের অনিয়ম-দুর্নীতি, স্বচ্ছতা জবাবদিহিতা, ভর্তি জালিয়াতি, ভুয়া সনদের চাকরি ঠেকানো যাবে। গণশুনানিতে শিক্ষক, ছাত্র, অভিভাবক প্রতিনিধি, গভর্নিং কমিটির সদস্যসহ প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত সবার মতামত নেয়া হবে। পাশাপাশি শিক্ষকের উপস্থিতি, ক্লাসরুম ও শিক্ষার পরিবেশ, মাল্টিমিডিয়া ক্লাসরুমের অবস্থা, ল্যাবের অবস্থা আসবে লাইভে সম্প্রচার হওয়া গণশুনানিতে।

জানা গেছে, ডিসেম্বরে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানের মান যাচাই ও বার্ষিক নিরীক্ষা নতুন পদ্ধতি পিয়ার ইন্সপেকশন চালু হচ্ছে। এর আগে অনলাইন গণশুনানি চালুর মাধ্যমে শিক্ষার্থী-অভিভাবকদের মতামত, অভিযোগ সরাসরি শোনা হবে। পরিদর্শন করতে যাওয়া কর্মকর্তাদের ব্যাপারে ধারণা নেয়া হবে লাইভ সম্প্রচারের মাধ্যমে।

বিপুল চন্দ্র সরকার জানান, দুদক যেমন বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠানের ভুক্তভোগীর মতামত, অভিযোগ শুনেন। ডিআইএ গণশুনানির মাধ্যমে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের মতামত ও অভিযোগ শুনবে। তবে এর ধরনটা একটু ভিন্ন হবে। এই শুনানিতে যারা প্রতিষ্ঠান পরির্দশন করতে যাবেন তাদের মনিটরিং এবং পারফর্মেন্স শিক্ষকদের কাছে জানতে চাওয়া হবে, যা লাইভ সম্প্রচারে ঢাকা থেকে শোনা যাবে। ডিআইএ পরিদর্শকরা যখন সরেজমিন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে যাবেন তখন শুনানি ডিআইএ'র অফিস থেকে অনলাইনে লাইভ সম্প্রচার করা হবে।

জানা গেছে, সারাদেশে প্রায় ৩৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে এ বছর ২৯শ' শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবে ডিআইএ। ৩৬ হাজার প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য মাত্র ২৪ জন পরিদর্শন কর্মকর্তা ও চারজন অডিট কর্মকর্তা রয়েছে সংস্থাটির।